সিজিডি সার্কুলার নং- ০১

৮ নভেম্বর ২০২৩
তারিখ : -----------------
২৩ কার্তিক ১৪৩০

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান**

প্রিয় মহোদয়,

**কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) এবং আর্থিক অন্তর্ভুক্তি খাতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান সংক্রান্ত মাস্টার সার্কুলার**

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে নারী উদ্যোক্তাদের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণের ক্ষেত্রে জামানত প্রদানের বাধ্যবাধকতাকে অন্যতম প্রতিবন্ধকতা হিসেবে বিবেচনা করা হয়। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান হতে নারী উদ্যোক্তাদের জামানতবিহীন ঋণ সুবিধাপ্রাপ্তি সহজতর করার লক্ষ্যে United Nations Capital Development Fund (UNCDF) এর অর্থায়নে বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'Local Finance Initiatives (LFI) Support to SMEs in Bangladesh' শীর্ষক একটি পাইলট ক্রেডিট গ্যারান্টি স্কিম ২০১৬-২০১৯ সময়ে সফলভাবে বাস্তবায়ন করা হয়।

২। পরবর্তীতে, নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (সিএমএস) শিল্প উদ্যোক্তাদের সক্ষমতা অক্ষুন্ন ও উৎপাদনশীল কার্যক্রম অব্যাহত রাখার মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে এসএমইএসপিডি সার্কুলার নং-০৩, তারিখ: ২৭ জুলাই ২০২০ এর মাধ্যমে 'কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (সিএমএস) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কিম' চালু করা হয়। উক্ত স্কিমের আওতায় ১৩ এপ্রিল ২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর মাধ্যমে সিএমএসএমই খাতে ঘোষিত ২০,০০০ কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজের বিপরীতে সিএমএস উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান করা হয় যার মেয়াদ ৩০ জুন ২০২৩ তারিখে শেষ হয়েছে। এরই ধারাবাহিকতায় ২৩ জানুয়ারি ২০২২ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর মাধ্যমে ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী ও ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ৫০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এবং ১০ আগস্ট ২০২২ তারিখের সিজিডি সার্কুলার নং-০২ এর মাধ্যমে সিএমএসএমই খাতে ২৫,০০০ কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিমের আওতায় ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান সংক্রান্ত নীতিমালা জারি করা হয়।

৩। সম্প্রতি, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৬, তারিখঃ ২৫ জুন ২০২৩ এর মাধ্যমে নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে ৩,০০০ কোটি টাকার এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১০, তারিখঃ ০১ অক্টোবর ২০২৩ এর মাধ্যমে কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাত করার জন্য ১,৪০০ কোটি টাকার দুটি পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়েছে। নারী উদ্যোক্তাদের অনুকূলে ঋণ প্রবাহ বৃদ্ধি করার মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ডে তাদের অংশগ্রহণ বৃদ্ধি এবং কৃষি খাতে উৎপাদিত পণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পের বিকাশে সহায়তা প্রদান করার মাধ্যমে কৃষিভিত্তিক শিল্পের উন্নয়ন ও রপ্তানি বহুমুখীকরণের লক্ষ্যে উক্ত দু'টি স্কিমের আওতায় উদ্যোক্তাদের অনুকূলে জামানতবিহীন ঋণের বিপরীতেও ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। বর্ণিতাবস্থায়, অনুচ্ছেদ নং-৩ এ উল্লিখিত দু'টি পুনঃঅর্থায়ন স্কিমের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধাসহ ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট কর্তৃক ক্রেডিট গ্যারান্টি সুবিধাসম্বলিত ইতোপূর্বে জারিকৃত নীতিমালাসমূহ পরিমার্জন করে সমন্বিত নীতিমালা প্রদান করা হলো:

**৪.১। অংশগ্রহণ চুক্তি:**

(ক) সিএমএসএমই খাতে ২৫,০০০ কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিম, ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী ও ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ৫০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম, নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে ৩,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এবং কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাত করার জন্য ১,৪০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় উপযুক্ত উদ্যোক্তাদের জামানতবিহীন ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণের লক্ষ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টের সাথে অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে; এবং

(খ) যে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ইতোমধ্যে বর্ণিত স্কিমের আওতায় ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট এর সাথে অংশগ্রহণ চুক্তি সম্পাদন করেছে তাদেরকে (Participating Financial Institution, সংক্ষেপে পিএফআই) নতুন করে চুক্তি সম্পাদন করতে হবে না। তবে, নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে ৩,০০০ কোটি টাকার এবং কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাত করার জন্য ১,৪০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় অত্র সার্কুলারের মাধ্যমে নতুনভাবে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান করা হয়েছে বিধায় বর্ণিত দুটি স্কিমের আওতায় গ্যারান্টি সুবিধা গ্রহণের লক্ষ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট এর সাথে অংশগ্রহণ চুক্তি সম্পাদন করতে হবে।

**৪.২। ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণের জন্য উপযুক্ত ঋণগ্রহীতা:** এসএমইএসপিডি সার্কুলার নং-০৪/২০২২, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৬/২০২৩, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১০/২০২৩ এবং এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এর মাধ্যমে প্রবর্তিত পুনঃঅর্থায়ন/প্রাক-অর্থায়ন স্কিমের আওতায় ঋণ গ্রহণের জন্য উপযুক্ত ঋণগ্রহীতাগণ ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণের জন্য যোগ্য মর্মে বিবেচিত হবেন। তবে, একজন ঋণগ্রহীতা শুধুমাত্র একটি স্কিমের আওতায় একই উদ্যোগ/প্রকল্পের অনুকূলে চলতি মূলধন ও মেয়াদি ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণ করতে পারবেন।

**৪.৩। ক্রেডিট গ্যারান্টির মেয়াদ:** প্রাথমিকভাবে পুনঃঅর্থায়ন/প্রাক-অর্থায়ন স্কিমের আওতায় প্রদত্ত ঋণের মেয়াদই হবে গ্যারান্টির মেয়াদ। নির্ধারিত মেয়াদের মধ্যে কোন ঋণ সম্পূর্ণ আদায় হলে সংশ্লিষ্ট ঋণের গ্যারান্টির মেয়াদ স্বয়ংক্রিয়ভাবে শেষ হবে। তবে, কোন ঋণ পুনঃতফসিল/পুনর্গঠন/নবায়ন করা হলে, পুনঃনির্ধারিত মেয়াদ গ্যারান্টির মেয়াদ হিসেবে গণ্য হবে। পুনঃতফসিল/পুনর্গঠন/নবায়ন এর মাধ্যমে ঋণের মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট হতে গ্যারান্টির মেয়াদও বৃদ্ধি করে নিতে হবে এবং বর্ধিত সময়ের জন্য গ্যারান্টি ফি প্রদান করতে হবে।

**৪.৪। ক্রেডিট গ্যারান্টি ক্যাপ:** বর্ণিত ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় প্রদত্ত গ্যারান্টি সুবিধার বিপরীতে গ্যারান্টি পোর্টফোলিও ক্যাপ হবে এ ডিপার্টমেন্ট কর্তৃক একটি নির্দিষ্ট ক্যালেন্ডার বছরে অনুমোদিত মোট গ্যারান্টির সর্বোচ্চ ৩০ শতাংশ। উক্ত গ্যারান্টি পোর্টফোলিও ক্যাপ এর আওতায় কোন একক উদ্যোক্তা বা ঋণগ্রহীতার ক্ষেত্রে গ্যারান্টি কভারেজ এর হার হবে নিম্নরূপ:

(ক) সিএমএসএমই খাতে ২৫,০০০ কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিম, নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে ৩,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এবং কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাত করার জন্য ১,৪০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের গ্যারান্টি পোর্টফোলিও ক্যাপ এর বিপরীতে কোন একক উদ্যোক্তা বা ঋণগ্রহীতার ক্ষেত্রে গ্যারান্টি কভারেজ এর হার হবে মোট বকেয়া আসল (Outstanding Principal Amount) ঋণস্থিতির সর্বোচ্চ ৭০ শতাংশ; এবং

(খ) আর্থিক সেবাভুক্তি খাতে ৫০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় সংশ্লিষ্ট ব্যাংকের গ্যারান্টি পোর্টফোলিও ক্যাপ এর বিপরীতে কোন একক উদ্যোক্তা বা ঋণগ্রহীতার ক্ষেত্রে গ্যারান্টি কভারেজ এর হার হবে মোট বকেয়া আসল ঋণস্থিতির সর্বোচ্চ ৮০ শতাংশ।

**৪.৫। ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রাপ্তির জন্য গ্রাহক পর্যায়ে প্রযোজ্য ঋণসীমা:** ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত ৪টি ক্রেডিট গ্যারান্টি সুবিধার আওতায় গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ঋণ/বিনিয়োগসীমা হবে ২৫,০০০ টাকা এবং সর্বোচ্চ ঋণসীমা হবে নিম্নরূপ:

(টাকা)

| ক্রমিক নং | গ্যারান্টি সুবিধা | কুটির উদ্যোগ | মাইক্রো উদ্যোগ | | | ক্ষুদ্র উদ্যোগ | | | মাঝারি উদ্যোগ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | উৎপাদনশীল শিল্প | উৎপাদনশীল শিল্প | সেবা শিল্প | ব্যবসা উদ্যোগ | উৎপাদনশীল শিল্প | সেবা শিল্প | ব্যবসা উদ্যোগ | উৎপাদনশীল শিল্প | সেবা শিল্প |
| ১ | ২৫,০০০ কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিম | ১৫ লক্ষ | ১ কোটি | ২৫ লক্ষ | ২৫ লক্ষ | ৩ কোটি | ১ কোটি | ১ কোটি | ৫ কোটি | ২ কোটি |
| ২ | কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণে ১,৪০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম | ১৫ লক্ষ | ১ কোটি | ২৫ লক্ষ | ২৫ লক্ষ | ৩ কোটি | ১ কোটি | ১ কোটি | ৫ কোটি | ২ কোটি |
| ৩ | নারী উদ্যোক্তাদের জন্য ৩,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম | ৫ লক্ষ | ২০ লক্ষ | ২০ লক্ষ | ২০ লক্ষ | ৫০ লক্ষ | ৫০ লক্ষ | ৫০ লক্ষ | - | - |
| ৪ | ৫০০ কোটি টাকার আর্থিক সেবাভুক্তি স্কিম | একক গ্রাহকের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা এবং গ্রুপ ঋণের ক্ষেত্রে ২-৫ সদস্যের সমন্বয়ে গঠিত গ্রুপের সদস্য প্রতি সর্বোচ্চ ৪ লক্ষ টাকা করে গ্রুপ প্রতি সর্বোচ্চ ২০ লক্ষ টাকা । | | | | | | | | |

**৪.৬। ক্রেডিট গ্যারান্টি ফি:** ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট ও ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক অংশগ্রহণ চুক্তির আওতায় প্রত্যেক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে বাৎসরিক ভিত্তিতে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। গ্যারান্টি ফি'র হার হবে নিম্নরূপ:

(ক) অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে সিএমএসএমই খাতে গ্যারান্টি রেজিস্ট্রেশন প্রাপ্ত ঋণের উপর প্রথম এক বছরের জন্য ১ শতাংশ হারে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে;

(খ) গ্যারান্টি চলমান থাকা সাপেক্ষে প্রথম এক বছর অতিবাহিত হওয়ার পর পরবর্তী বছর হতে অব্যবহিত পূর্ববর্তী দিনের গ্যারান্টিপ্রাপ্ত ঋণের মোট বকেয়া আসল স্থিতির উপর নিম্নবর্ণিত হারে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে:

(i) যে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অব্যবহিত পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক শ্রেণিকৃত ঋণের হার ৫ শতাংশ বা এর কম তাদেরকে দ্বিতীয় বছর হতে বার্ষিক ০.৫০ শতাংশ হারে; এবং

(ii) যে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ৫ শতাংশের বেশী কিন্তু ১০ শতাংশের কম তাদেরকে দ্বিতীয় বছর হতে বার্ষিক ০.৭৫ শতাংশ হারে গ্যারান্টি ফি প্রদান করতে হবে।

(গ) ওভারড্রাফট ঋণ পুনঃতফসিল/নবায়ন করার ক্ষেত্রে পুনঃতফসিলকৃত/নবায়নকৃত ঋণের আসল পরিমাণের উপর উল্লিখিত অনুচ্ছেদ নং-খ এ বর্ণিত হারে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে:

(ঘ) নির্ধারিত গ্যারান্টি ফি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার নিকট হতে আদায় করা যাবে। তবে, ৫০০ কোটি টাকার আর্থিক সেবাভুক্তি স্কিমের আওতায় প্রত্যেক পিএফআইকে নিজস্ব উৎস হতে বাৎসরিক ভিত্তিতে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। এক্ষেত্রে গ্যারান্টি ফি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার নিকট হতে আদায় করা যাবে না;

(ঙ) উল্লিখিত গ্যারান্টি ফি ব্যতীত অন্য কোন ফি/চার্জ আদায়ের ক্ষেত্রে তফসিলি ব্যাংকসমূহের জন্য বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক ১০ জুন ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১১ এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ কর্তৃক ৩ এপ্রিল ২০১৮ তারিখে জারিকৃত ডিএফআইএম সার্কুলার নং-০১ এবং তৎপরবর্তীতে জারিকৃত সার্কুলার/সার্কুলার লেটার এর নির্দেশনা পরিপালনীয় হবে; এবং

(চ) ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট কর্তৃক ইস্যুকৃত গ্যারান্টি সুবিধার বিপরীতে প্রদত্ত গ্যারান্টি ফি ফেরতযোগ্য নয়।

**৪.৭। ক্রেডিট গ্যারান্টির বিপরীতে ঋণের সুদ/মুনাফা হারঃ** ক্রেডিট গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত ঋণের সুদ/মুনাফার হার হবে সংশ্লিষ্ট পুনঃঅর্থায়ন/প্রাক-অর্থায়ন স্কিমের আওতায় নির্ধারিত সুদ/মুনাফার হার। কোন ঋণের বিপরীতে গ্যারান্টি প্রদান করা হলেও উক্ত ঋণের জন্য সংশ্লিষ্ট স্কিমের আওতায় গ্রাহক পর্যায়ে যে সুদ/মুনাফার হার নির্ধারিত থাকবে সে হারই কার্যকর হবে।

**৪.৮। ক্রেডিট গ্যারান্টি ফি পরিশোধের সময়সীমা:** গ্যারান্টি রেজিস্ট্রেশনের ১৫ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট পিএফআইকে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট এর অনুকূলে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। পরবর্তীতে, চলমান গ্যারান্টির ক্ষেত্রে প্রতি বছর তার অব্যবহিত পূর্ববর্তী বছর সমাপ্তির ১৫ কার্যদিবসের মধ্যে গ্যারান্টি ফি আগাম পরিশোধ করতে হবে। অন্যথায়, বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট পিএফআই এর চলতি হিসাব বিকলন করে নির্ধারিত গ্যারান্টি ফি আদায় করা যাবে।

**৪.৯। ক্রেডিট গ্যারান্টি সুবিধার আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ:**

(ক) প্রত্যেক পিএফআই ক্যালেন্ডার বছর ভিত্তিক ক্রেডিট গ্যারান্টি সুবিধার আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা বছরের শুরুতেই ঘোষণা করবে এবং তাদেরকে ঐ বছরের মধ্যেই তা অর্জন করতে হবে। পিএফআই এর ঋণ প্রদানের সক্ষমতা যাচাই-বাছাইপূর্বক এবং ক্রেডিট গ্যারান্টি তহবিলের পর্যাপ্ততা থাকা সাপেক্ষে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট কর্তৃক পিএফআই এর জন্য লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করা যাবে। নির্ধারিত সময়ের মধ্যে কোন পিএফআই কর্তৃক লক্ষ্যমাত্রা অনুযায়ী গ্যারান্টি সুবিধার আওতায় ঋণ বিতরণ করার পর নতুন করে বর্ধিত লিমিট এর আবেদন করা হলে, সুযোগ থাকা সাপেক্ষে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট কর্তৃক লিমিট পুনঃনির্ধারণ করা হলে তা পত্র মারফত সংশ্লিষ্ট পিএফআইকে অবহিত করা হবে;

(খ) যে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ক্রেডিট গ্যারান্টি প্রদানে সক্ষমতা প্রদর্শনে ব্যর্থ হবে সেক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনে লিমিট হ্রাস করার ক্ষমতা সংরক্ষণ করবে; এবং

(গ) নারী উদ্যোক্তাদের জামানতবিহীন ঋণ প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে সিএমএসএমই খাতে ২৫,০০০ কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিম, কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাত করার জন্য ১,৪০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এবং ৫০০ কোটি টাকার আর্থিক সেবাভুক্তি স্কিমের ক্ষেত্রে পিএফআইসমূহকে তাদের Portfolio Guarantee Limit (PGL) এর ১০ শতাংশ নারী উদ্যোক্তাদের অনুকূলে বিতরণের জন্য সংরক্ষণ করতে হবে। বছরের তৃতীয় প্রান্তিকের মধ্যে নারী উদ্যোক্তাদের নিকট হতে আবেদন পাওয়া না গেলে ঐ অংশ সম্ভাবনাময় অন্যান্য উদ্যোক্তাদের ঋণের বিপরীতে গ্যারান্টি প্রদান করা যাবে।

**৪.১০। ক্রেডিট গ্যারান্টির জন্য আবেদন প্রক্রিয়া ও গ্যারান্টি রেজিস্ট্রেশন ইস্যুর পদ্ধতি:**

(ক) অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ক্রেডিট গ্যারান্টি রেজিস্ট্রেশনের জন্য যে মাসে আবেদন করা হবে তার অব্যবহিত পূর্ববর্তী মাসে মঞ্জুরীকৃত ঋণের আবেদনসমূহের তথ্যাদিসহ প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট বরাবর নির্ধারিত ছকে (পরিশিষ্ট **'ক'** অথবা প্রযোজ্য ক্ষেত্রে পরিশিষ্ট **'খ'**) আবেদন করতে হবে;

(খ) ক্রেডিট গ্যারান্টি রেজিস্ট্রেশন আবেদনের সাথে সংশ্লিষ্ট পিএফআই কর্তৃক তাদের অনুমোদিত ঋণ নীতিমালার আওতায় গ্রাহকের ঋণের আবেদনসমূহ যথাযথভাবে যাচাই-বাছাইপূর্বক প্রাথমিকভাবে মঞ্জুর করা হয়েছে মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(গ) আবেদনপত্র প্রাপ্তির পর ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট হতে প্রয়োজনীয় যাচাই-বাছাই কার্যক্রম সম্পাদন করে দ্রুততার সাথে যোগ্য উদ্যোক্তাদের গ্যারান্টি রেজিস্ট্রেশন প্রদান করে সংশ্লিষ্ট পিএফআইকে তা অবহিত করা হবে;

(ঘ) ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট হতে রেজিস্ট্রেশন প্রাপ্তির পর সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান যথাযথ ডকুমেন্টেশন সম্পন্ন করে ১৫ কার্যদিবসের মধ্যে গ্রাহকের অনুকূলে ঋণ বিতরণ করবে;

(ঙ) ক্রেডিট গ্যারান্টির জন্য আবেদন প্রক্রিয়া ও গ্যারান্টি রেজিস্ট্রেশন ইস্যু পদ্ধতির অটোমেশন সম্পন্ন করা হয়েছে। পিএফআইসমূহ ক্রেডিট গ্যারান্টি ইস্যু/নবায়ন/বাতিলের জন্য অনলাইনেও (www.cgims.bb.org.bd) আবেদন করতে পারবে। এ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা পৃথকভাবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে অবহিত করা হবে; এবং

(চ) এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের সাথে কোন পিএফআই কর্তৃক সম্পাদিত অংশগ্রহণ চুক্তি কোন কারণে বাতিল/স্থগিত করা হলে উক্ত পিএফআই এর অনুকূলে এ ডিপার্টমেন্ট কর্তৃক নতুনভাবে কোন গ্যারান্টি সুবিধা প্রদান করা হবে না। তাছাড়া, এ ডিপার্টমেন্টের সাথে সম্পাদিত অংশগ্রহণ চুক্তির কোন শর্ত ভংগ করা হলে সংশ্লিষ্ট পিএফআইকে ১৪ দিনের সময় দিয়ে নোটিশ প্রদান করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে জবাব পাওয়া না গেলে অথবা কারণ দর্শানোর জবাব পাওয়ার পর তা সন্তোষজনক না হলে এতদ্‌বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**৪.১১। ক্রেডিট গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত ঋণের বিপরীতে প্রভিশন সংরক্ষণ :** ঋণ অনাদায়ে বিদ্যমান নীতিমালা অনুযায়ী শ্রেণিকরণপূর্বক যথাযথভাবে প্রভিশন সংরক্ষণ করতে হবে মর্মে নির্দেশনা থাকলেও এ স্কিমের আওতায় গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত ঋণ শ্রেণিকৃত হলে একটি নির্দিষ্ট ক্যালেন্ডার বছরে গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত মোট বকেয়া আসল ঋণস্থিতির সর্বোচ্চ ৫০ শতাংশ পর্যন্ত স্পেসিফিক প্রভিশন সংরক্ষণের বাধ্যবাধকতা গ্যারান্টি মেয়াদকালের জন্য অব্যাহতি প্রাপ্ত হবে।

**৪.১২। ক্রেডিট গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত ঋণের ক্ষেত্রে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের দায়-দায়িত্ব:**

(ক) অর্থায়নকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান নিজস্ব নিয়মাচার (Due diligence) যথাযথভাবে পরিপালনপূর্বক ঋণ মঞ্জুরী/বিতরণ/আদায় করবে। ঋণ বিতরণের পর ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান স্বীয় উদ্যোগে তা তদারকী ও পরিবীক্ষণ করবে এবং ঋণের সদ্ব্যবহার নিশ্চিত করবে; এবং

(খ) এ ডিপার্টমেন্ট কর্তৃক প্রদত্ত গ্যারান্টির যথার্থতা যাচাইয়ের লক্ষ্যে যাচিত তথ্যাদিসহ প্রয়োজনীয় দলিলাদি পিএফআই বাংলাদেশ ব্যাংককে সরবরাহ করতে বাধ্য থাকবে। তাছাড়া, পিএফআইকে অবহিত করে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট যে কোন সময় সংশ্লিষ্ট গ্রাহকদের ব্যবসায়িক কর্মকান্ড সরেজমিনে পরিদর্শন করতে পারবে এবং পরিদর্শনকালে বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলকে পিএফআই সকল প্রকার সহযোগিতা প্রদান করবে।

**৪.১৩। ক্রেডিট গ্যারান্টির দাবি এবং নিষ্পত্তি প্রক্রিয়া:**

(ক) ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় গ্যারান্টিপ্রাপ্ত কোন ঋণ বিদ্যমান নীতিমালা অনুযায়ী মন্দমানে শ্রেণিকৃত হওয়ার পর বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নীতিমালা অনুযায়ী পুনঃতফসিল/পুনর্গঠন করা যাবে এবং তা ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টকে অবহিত করতে হবে। তবে, গ্যারান্টিপ্রাপ্ত ঋণ তিন বারের বেশী পুনঃতফসিল করা যাবে না। তৃতীয় বার পুনঃতফসিল করার (প্রযোজ্য ক্ষেত্রে) পর কোন ঋণ আদায় না হয়ে পুনরায় মন্দমানে শ্রেণিকৃত হলে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টে গ্যারান্টির বিপরীতে প্রাপ্য অর্থ দাবি (Claim) করতে পারবে;

(খ) গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত ঋণগ্রহীতাদের মধ্যে যাদের ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণস্থিতি মন্দমানে শ্রেণিকৃত রয়েছে তাদের ক্ষেত্রে অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর আওতায় অত্যাবশ্যকীয়ভাবে মামলাযোগ্য না হলে ৪.১৩(ক) অনুচ্ছেদে বর্ণিত নীতিমালা অনুসরণপূর্বক আদালতে মামলা দায়ের ব্যতিরেকে পিএফআইসমূহ ক্রেডিট গ্যারান্টির বিপরীতে প্রাপ্য অর্থ দাবি করতে পারবে;

(গ) যে সকল গ্যারান্টি দাবীযোগ্য ঋণস্থিতির পরিমাণ ৫.০০ লক্ষ টাকার অধিক সে সকল ক্ষেত্রে গ্যারান্টির দাবি প্রাপ্তির আবেদন করার পূর্বে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে ঋণ আদায়ের সকল প্রচেষ্টা গ্রহণসহ প্রচলিত আইন অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে মামলা দায়ের করতে হবে। অর্থাৎ পিএফআই কর্তৃক ঋণ আদায়ের লক্ষ্যে সকল ব্যবস্থা গ্রহণ করার পরও যদি কোন ঋণ হিসাব মন্দমানে শ্রেণিকৃত হয় কেবল তখনি প্রযোজ্য ক্ষেত্রে আইনী প্রক্রিয়া শুরু (মামলা দায়ের) করে গ্যারান্টির বিপরীতে দাবি উত্থাপন করতে পারবে। গ্যারান্টি সুবিধার আওতায় দাবিকৃত অর্থের পরিমাণ হবে নিম্নরূপ:

(i) সিএমএসএমই খাতে ২৫,০০০ কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিম, নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে ৩,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এবং কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাত করার জন্য ১,৪০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় একক উদ্যোক্তা বা ঋণগ্রহীতার ক্ষেত্রে মন্দমানে শ্রেণিকৃত ঋণের মোট অনাদায়ী আসল স্থিতির (Outstanding Principal Amount) সর্বোচ্চ ৭০ শতাংশ অথবা সংশ্লিষ্ট পিএফআইকে প্রদত্ত মোট গ্যারান্টিকৃত স্থিতির সর্বোচ্চ ৩০ শতাংশ এর অদাবিকৃত অংশ, এ দুটির মধ্যে যা কম;

(ii) আর্থিক সেবাভুক্তি খাতে ৫০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় একক উদ্যোক্তা বা ঋণগ্রহীতার ক্ষেত্রে মন্দমানে শ্রেণিকৃত ঋণের মোট অনাদায়ী আসল স্থিতির (Outstanding Principal Amount) সর্বোচ্চ ৮০ শতাংশ অথবা সংশ্লিষ্ট পিএফআইকে প্রদত্ত মোট গ্যারান্টিকৃত স্থিতির সর্বোচ্চ ৩০ শতাংশ এর অদাবিকৃত অংশ, এ দুটির মধ্যে যা কম; এবং

(iii) অনাদায়ী সুদের জন্য এ গ্যারান্টি কার্যকর হবে না।

(ঘ) গ্যারান্টির দাবি নিষ্পত্তির পরও ঋণ আদায়ের ব্যাপারে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে আইনী পদক্ষেপসহ সকল ধরনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। গ্যারান্টির দাবি নিষ্পত্তির পর ঋণের বিপরীতে উদ্যোক্তা/গ্রাহক হতে কোন অর্থ আদায় করা হলে সেক্ষেত্রে গ্যারান্টি কভারেজ এর আনুপাতিক হারে বাংলাদেশ ব্যাংকের অনুকূলে উক্ত আদায়কৃত অর্থ ফেরত প্রদান করতে হবে; এবং

(ঙ) কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক গ্যারান্টির আওতায় ঝুঁকি নির্ণয়ে সহায়ক এমন কোন তথ্য ইচ্ছাকৃতভাবে গোপন করলে অথবা ভুল তথ্য প্রদান করলে বাংলাদেশ ব্যাংক বিদ্যমান আইন/বিধি/নীতিমালার আওতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**৪.১৪। রিপোর্টিং:**

গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত ঋণের তথ্য বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (CIB)-তে রিপোর্ট করার সময় CGS হিসেবে লিপিবদ্ধ করতে হবে।

**৫। বিবিধ:**

(ক) ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(খ) এ নীতিমালায় উল্লেখ নেই এরূপ যে কোন বিষয়ে অথবা নীতিমালায় বর্ণিত কোন বিষয়ে অধিকতর স্পষ্টীকরণের আবশ্যকতা দেখা দিলে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

(গ) এ নীতিমালার পরিবর্তন বা সংশোধনের ক্ষমতা বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে; এবং

(ঘ) ঋণ প্রদানের ক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করা না হলে বা কোন শর্ত লংঘন করা হলে বা গ্যারান্টি প্রাপ্তির আবেদনের সময় কোন তথ্য গোপন করা হলে বা মিথ্যা তথ্য প্রদান করা হলে বা গ্যারান্টি ফি পরিশোধ না করা হলে সংশ্লিষ্ট ঋণের বিপরীতে প্রদত্ত গ্যারান্টি বাংলাদেশ ব্যাংক বাতিল/রহিত করতে পারবে।

৬। ইসলামী শরীয়াহ্ ভিত্তিক পরিচালিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ উপরে বর্ণিত ক্রেডিট গ্যারান্টি সুবিধাসমূহের আওতায় বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে এ নীতিমালা অনুসরণপূর্বক গ্যারান্টি সুবিধা গ্রহণ করতে পারবে।

৭। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে উল্লিখিত সকল নির্দেশনা অনুসরণ করতে হবে। এতদ্ব্যতীত, এসএমইএসপিডি সার্কুলার নং-০৪/২০২০ এর মাধ্যমে জারিকৃত Manual of Credit Guarantee Scheme এবং তৎপরবর্তীতে এতদ্সংক্রান্ত অন্যান্য নির্দেশনা অবশ্যই অনুসরণীয় হবে।

৮। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(নাহিদ রহমান)
পরিচালক (সিজিডি)
ফোনঃ ৯৫৩০১৭৯

**পরিশিষ্ট : ক**

পিএফআই নাম ----
প্রধান কার্যালয়
ঢাকা

সূত্রঃ

তারিখঃ . . ./ . . ./. . . .

পরিচালক
ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা

প্রিয় মহোদয়,

------------------------------------------------------------ স্কিমের আওতায়
ঋণ/বিনিয়োগের বিপরীতে গ্যারান্টি সুবিধা প্রদানের আবেদন

ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট (সিজিডি) এর সাথে ...../..../.... তারিখে সম্পাদিত অংশগ্রহণ চুক্তির আওতায় গ্যারান্টি ইস্যুর শর্তে নিম্নবর্ণিত ঋণ/বিনিয়োগ মঞ্জুর করা হয়েছে। সিজিডি কর্তৃক গ্যারান্টি ইস্যু করা হলে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতার অনুকূলে ঋণ/বিনিয়োগ বিতরণ করা হবে। নিম্নবর্ণিত ঋণ/বিনিয়োগসমূহের বিপরীতে গ্যারান্টি প্রদান করার জন্য অনুরোধ জানানো যাচ্ছেঃ

| ক্রঃ নং | ঋণ/বিনিয়োগ গ্রহীতার নাম | ঋণ/বিনিয়োগ আইডি | শাখার নাম | উদ্যোগের ধরণ (কুটির/মাইক্রো/ ক্ষুদ্র/মাঝারি) | ব্যবসার ধরণ (উৎপাদন/ সেবা) | উদ্যোক্তার ধরণ (পুরুষ/নারী) | প্রত্যাশিত গ্যারান্টি কভারেজ এর হার (%) | ঋণ/বিনিয়োগ পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | |
| ২ | | | | | | | | |
| ৩ | | | | | | | | |
| মোট ঋণ/বিনিয়োগ এর পরিমাণ | | | | | | | | |

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষর:

(ব্যবস্থাপনা পরিচালক/স্বাক্ষর
ক্ষমতাপ্রাপ্ত)
কর্মকর্তার নাম ও পদবী
মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাঃ

সংযুক্তি:

১। প্রত্যেক ঋণ/বিনিয়োগ এর বিপরীতে প্রস্তুতকৃত গ্যারান্টি আবেদন [সংযোজনী ক(১) ও ক(২)]

সংযোজনী: ক(১)

## Guarantee Application under ______________________________ Scheme

A loan/investment facility has been approved subject to the issuance of a credit guarantee under the participation agreement between ________Name of PFI____________ and the Credit Guarantee Department (CGD) of Bangladesh Bank, subject to the Terms and Conditions outlined in the Agreement dated DD/MM/YYYY.

1. Loan identification number (if any) :
2. Branch Address:
   Branch Name: Branch Code :
   Division: District: Upazilla:
3 Name of the Enterprise/Borrower :
4. Business Address:
   Division: District: Upazilla:
   Contact Number:
5. Trade License Number of the Enterprise:
6. Tax Identification Number (TIN) of the Enterprise:
7. Business Identification Number (BIN) of the Enterprise (if available) :
8. Information of Owner(s):

| Owner's Name | Owners' TIN | Owners' NID | Gender | Educational Background | Contact Number | Residence Address |
|---|---|---|---|---|---|---|
| | | | Male/Female | 0-5/6-10/11-12/ Graduate/ Masters | | |

9. Category of the Enterprise:
   ☐ Cottage ☐ Micro ☐ Small ☐ Medium
10. Nature of the Business:
   ☐ Manufacturing ☐ Service
11. Establishment Date of the Enterprise: DD/MM/YYYY
12. Years in Operation:
13. Ownership Type: ☐ Sole Proprietorship ☐ Partnership ☐ Limited Liability Company
14. Borrower Type: ☐ First Time Borrower ☐Repeated Borrower
15. Purpose of the Loan: ☐ Term Loan ☐ Others (Mention) --------
16. No. of Existing Employees of the Enterprise
   a. Total ________ b. Male: _____ c. Female: ____
17. a. Total Liability: b. Total Assets:
   c. Owners' Equity: d. Outside liabilities:
   e. Annual Sales: f. Annual Income:
   g. Net Income (previous year)
18. a. Amount of the Loan b. Expected Guarantee Coverage (%):
19. Interest Rate:
20. Final Repayment Date: DD/MM/YYYY
21. Duration of the loan/investment: (Month)
21. Personal Guarantee of the Owner(s): ☐ Yes ☐ No
22. Third-Party Guarantee: ☐ Yes ☐ No
23. Other collateral (if any):
24. Forced Sale Value of other collateral:

(Annexure # 1 Continued)

(From previous page)

**Undertaking**

We, on behalf of the_____Name of PFI__________ , hereby, confirm that this application falls within the terms and conditions of the participation agreement. Proper due diligence and documentation have been made by following our CMSME Credit Policy as well as annexure: 2 of the Manual of Credit Guarantee Scheme. We will pay the guarantee fees against this application's registration as per the provision of CGD circular no. ______, dated DD/MM/YYYY and its' subsequent amendments.

We also understand that in the event of any claim under the participation agreement, failure to provide documents and/or certifications as per the Manual of Credit Guarantee Scheme and relevant circulars of Bangladesh Bank, the claim against the guarantee may be rejected.

(Signature of Focal Point officer)
(*for further correspondence*)
Name and Designation
Contact Number and Email

(Signature of Authorized Signatory)

Name and Designation
Contact Number and Email

সংযোজনীঃ ক(২)

**Guarantee Application under ______________________________ Scheme**

Name of the Enterprise/Borrower :
Customer ID :
Branch Name :
PFI Name :

| | |
|---|---|
| **Due Diligence Checklist:** The following are the requirements for due diligence of a credit guarantee facilitated loan/investment and documents attesting to the same need to be on file and shall be made available to the CGD upon request: | |
| 1. Loan Application according to the Manual of Credit Guarantee Scheme | |
| 2. The document that certifies the enterprise falls under CMSME Category | |
| 3. On-site visit report | |
| 4. Financial statements (Balance Sheet/Income Statement, Cash Flow Statement) or any written statement(s) based on production/sales/turnover of the previous year (one/more) of CMSME | |
| 5. Credit analysis report including- | |
| a) Overall credit rating, | |
| b) Discussion on industry/competitive environment, | |
| c) Projected income or cash flow statement, | |
| d) Assessment of management capacity/competency, | |
| e) Evaluation of previous business performance, | |
| f) Supplier checks as to borrower's adherence to payment arrangements, | |
| g) Comments on capital adequacy and composition of balance sheet including changes in inventory, account receivable and accounts payable, | |
| h) Trends in sales, operating income, and net income | |
| i) Summary and recommendation/approval by authorized bank officers including all exposure to proposed borrower and group, if any | |
| 6. The borrower is regular on all credit facilities from Bank/FI | |
| 7. Satisfactory CIB report of the Borrower | |
| 8. Proposed facilities are not a rescheduling of existing facilities | |
| 9. Verification that borrower's premises or address are in place, and machinery (if any) are working in orderly | |
| 10. The borrower is not subject to any court proceedings, and is not the subject of any legal actions either in process or pending and | |
| 11. The borrower's fixed assets are free from any liens or encumbrances. | |

| | |
|---|---|
| **Documentary Checklist:** In addition to the requirements for due diligence stated above for each loan, the PFI needs to certify the following documents available in the concerned file, which may be verified by the CGD: | |
| 1. Loan Application Form | |
| 2. Trade License | |
| 3. Partnership Deed (For Partnership business only) | |
| 4. Board Resolution (For Partnership business /Limited Company only) | |

(Annexure # 2 Continued)

(From previous page)

| | |
|---|---|
| 5. Certificate of Incorporation (For Limited Company only) | |
| 6. Memorandum & Articles of Association (For Limited Company only) | |
| 7. Form XII/Schedule X (if applicable) (For Limited Company only) | |
| 8. T & T phone number of the residence/office | |
| 9. Latest 12 months Business Account Statement | |
| 10. Photograph of Proprietor/Key Partner/Managing Director | |
| 11. TIN Certificate/Tax Return Receipt | |
| 12. Utility Bill of business address | |
| 13. Attested photocopy of Possession/Rental Deed/consecutive three months' rent paid receipt | |
| 14. Photocopy of Nationality Certificate/Passport/Certificate of SSC/Voter ID Card/ID Card of the loan/investment applicant | |
| 15. Environment Policy Compliance | |
| 16. CIB report | |
| 17. Acknowledgment of the borrower for guarantee application | |
| 18. Personal guarantee form (Joint/Several Guarantee) | |
| 19. A declaration of the CMSME owner(s), partner(s) and shareholder(s) on their non- involvement of ineligible business activities and non-duplication of loan/investment under Credit Guarantee facilities | |
| 20. Other (specify): | |
| If yes: | |

(Signature of Focal Point officer)
(*for further correspondence*)
Name and Designation
Contact Number and Email

(Signature of Authorized Signatory)

Name and Designation
Contact Number and Email

**পরিশিষ্ট : খ**

# ব্যাংকের নাম ও ঠিকানা

------

(৫০০ কোটি টাকার আর্থিক সেবাভুক্তি স্কিমের আওতায় গ্যারান্টি আবেদন ফরম)

সূত্র ঃ　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　তারিখঃ . . ./ . . ./. . . .

পরিচালক
ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা

ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টের সাথে .../../.... তারিখে সম্পাদিত অংশগ্রহণ চুক্তির আওতায় গ্যারান্টি ইস্যুর শর্তে নিম্নবর্ণিত ঋণ/বিনিয়োগ সুবিধাগুলো মঞ্জুর করা হয়েছে। সিজিএস ইউনিট কর্তৃক গ্যারান্টি ইস্যু করা হলে ঋণ/বিনিয়োগসমূহ সংশ্লিষ্ট গ্রাহকের অনুকূলে বিতরণ করা হবে। নিম্নবর্ণিত ঋণ/বিনিয়োগসমূহের বিপরীতে গ্যারান্টি ইস্যু করার জন্য অনুরোধ করা হলোঃ

**সেকশন-১ঃ সাধারণ তথ্য**

| ক্রঃ নং | ঋণ/বিনিয়োগ গ্রহীতার নাম (গ্রাহক) | গ্রাহকের ঠিকানা ও মোবাইল নম্বর | ব্যাংক শাখার নাম | গ্রাহকের জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর | গ্রাহকের ধরণ (কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, মাইক্রো/ক্ষুদ্র উদ্যোক্তা, স্কুল ব্যাংকিং, অন্যান্য) | গ্রাহকের ব্যবসার ধরণ (উৎপাদন/সেবা/ ব্যবসা) | ব্যক্তিগত গ্যারান্টি গ্রহণ করা হয়েছে (হ্যাঁ/না) | ঋণ/বিনিয়োগ চূড়ান্ত পরিশোধের তারিখ | ঋণ/বিনিয়োগের পরিমাণ (টাকায়) | প্রত্যাশিত গ্যারান্টি কভারেজ (শতাংশ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | |
| সর্বমোট ঋণ/বিনিয়োগের পরিমাণ | | | | | | | | | | |
| সর্বমোট ঋণ/বিনিয়োগের পরিমাণ (কথায়) | | | | | | | | | | |

**সেকশন-২ঃ প্রত্যায়ন**

আমরা নিম্নস্বাক্ষরকারী এ মর্মে প্রত্যায়ন করছি যে, অংশগ্রহণচুক্তির শর্ত পালনপূর্বক উল্লিখিত ঋণ/বিনিয়োগ আবেদনসমূহ যাচাই-বাছাই করা হয়েছে। ব্যাংকের নিজস্ব ঋণ/বিনিয়োগ নীতি অনুযায়ী যথাযথ নিয়মাচার পরিপালনপূর্বক এবং প্রয়োজনীয় দলিলাদি (তালিকা সংযুক্ত) গ্রহণ/পরীক্ষান্তে ঋণ/বিনিয়োগ সুবিধাগুলো মঞ্জুর করা হয়েছে (সকল মঞ্জুরীপত্রের কপি সত্যায়নপূর্বক সংযুক্ত করা হয়েছে)। ../../.... তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-.... এবং তৎপরবর্তী সংশোধনী (যদি থাকে) মোতাবেক আমরা উল্লিখিত ঋণ/বিনিয়োগসমূহের গ্যারান্টি ফি পরিশোধ করবো এবং ০৫/৯/২০২১ তারিখের এফআইডি সার্কুলার নং-০১ এর আওতায় পুনঃঅর্থায়নের সুবিধা গ্রহণ করা হবে।

আমরা এ মর্মে অবহিত যে, ভবিষ্যতে উক্ত ঋণ/বিনিয়োগসমূহের বিপরীতে গ্যারান্টির অর্থ দাবীকালে/ বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনকালে ঋণ/বিনিয়োগ সংশ্লিষ্ট যথাযথ/প্রয়োজনীয় দলিলাদি সরবরাহ করতে সক্ষম না হলে অথবা গ্যারন্টির শর্তাবলী পালনে ব্যর্থ হলে গ্যারান্টি বাতিল বলে গণ্য হবে।

ফোকাল পয়েন্ট কর্মকর্তা
নাম ও পদবী :
মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা :

স্বাক্ষর :
ব্যবস্থাপনা পরিচালক/স্বাক্ষর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী :
মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা :
সীল :